গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ(বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক
বনানী, ঢাকা-১২১২।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বিআরটিএ'র জন্য প্রণীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ ইউছুব আলী মোল্লা পরিচালক(প্রশাসন), বিআরটিএ।
তারিখ ও সময়	:	৩০ জানুয়ারী, ২০২০ খ্রিঃ, সকাল : ১১.০০ ঘটিকা।
স্থান	:	পরিচালক(প্রশাসন) মহোদয়ের মিনি সম্মেলন কক্ষ।
উপস্থিত	:	পরিশিষ্ট 'ক'।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার নিমিত্তে সকলের মতামত উপস্থাপনের অনুরোধ জানান। এ বিষয়ে উপপরিচালক(প্রশাসন), জনাব শাহ্ আবদুল তারিক সভাকে অবহিত করেন যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বিআরটিএ'র জন্য প্রণীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ০২.১২.২০১৯খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়। সেই প্রেক্ষিতে মুজিব বর্ষ(২০২০) উদযাপনের নিমিত্তে কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটি'র ১ম সভা গত ৩০.১২.২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। উক্ত সভার কার্যবিবরণীতে উল্লেখিত কর্মসূচী ও উহার বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম/কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম/সিদ্ধান্ত	বাস্তবায়ন/মনিটরিং কর্মকর্তা	কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটির মন্তব্য
০১.	ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর স্মৃতি যাদুঘরে ১৭ মার্চ,২০২০খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং বিআরটিএ'র সদর কার্যালয়সহ নিজস্ব বিভাগীয় ও সার্কেল অফিস আলোকসজ্জা ও দোয়া মাহফিলের আয়োজন।	১৭/০৩/২০২০খ্রিঃ তারিখ ধানমন্ডি ৩২ নম্বর	(ক) বিআরটিএ'র সদর কার্যালয় ঢাকা মেট্রো-১,২ ও ৩ সার্কেলের ও ঢাকা জেলা সার্কেলের সকলস্তরের কর্মচারীগণ নিজস্ব ব্যানারসহ সচিবালয় গেটে সকাল ০৬:৩০টায় উপস্থিত হবেন এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণ করতে হবে।	পরিচালক(প্রশাসন), উপপরিচালক(প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট) এবং সহকারী পরিচালক (প্রশাসন)। মনিটরিং কর্মকর্তাঃ উপপরিচালক (এনফোর্সমেন্ট)	বিআরটিএ'র নিজস্ব ব্যানার ও পুষ্পস্তবক থাকবে। এছাড়া মুজিব বর্ষের লোগো সম্বলিত ২০০টি টি-শার্ট ও ২০০টি ক্যাপ প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
			(খ) বিআরটিএ'র সদর কার্যালয় এবং নিজস্ব বিভাগীয় ও সার্কেল অফিসে ২ দিনব্যাপী (১৬.০৩.২০২০খ্রিঃ ও ১৭.০৩.২০২০খ্রিঃ তারিখ) আলোকসজ্জা করতে হবে।	পরিচালক(প্রশাসন), উপপরিচালক(প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট) এবং সহকারী পরিচালক (প্রশাসন)। মনিটরিং কর্মকর্তাঃ উপপরিচালক (এনফোর্সমেন্ট)	যথাসময়ে বাস্তবায়নের জন্য সহকারী পরিচালক(প্রশাসন) মনিটরিং করবেন। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা অনুসরণ করে আলোক সজ্জার মুজিব বর্ষের লোগো দৃশ্যমান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
			(গ) বিআরটিএ'র ঢাকা মেট্রো-১ সার্কেলের মসজিদে ১৭.০৩.২০২০খ্রিঃ তারিখে বাদ আছর দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।	উপপরিচালক(ইঞ্জিঃ), বিভাগীয় অফিস, ঢাকা উপপরিচালক (এনফোর্সমেন্ট) সহকারী পরিচালক(প্রশাসন)।	যথাসময়ে বাস্তবায়নের জন্য সহকারী পরিচালক(প্রশাসন) মনিটরিং করবেন।

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম/কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম/সিদ্ধান্ত	বাস্তবায়ন/মনিটরিং কর্মকর্তা	কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটির মন্তব্য
				মনিটরিং কর্মকর্তা: উপপরিচালক (এনফোর্সমেন্ট)	
০২.	১৭ মার্চ ২০২০খ্রি: বা সন্নিহিত কোনো তারিখে বিআরটিএ'র প্রতিনিধিদের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত।	২১.০৩.২০২০খ্রি: তারিখে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত।	বিআরটিএ'র ১০(দশ) জন প্রতিনিধি টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারতে অংশগ্রহণ করবেন। চেয়ারম্যান বিআরটিএ ১০(দশ) জনের নাম নির্ধারণ করবেন। পরিচালক (প্রশাসন) টুঙ্গিপাড়া গমনের বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে সমন্বয় করবেন।	চেয়ারম্যান, বিআরটিএ, পরিচালক(প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট) সহকারী পরিচালক(প্রশাসন)। মনিটরিং কর্মকর্তা: উপপরিচালক (এনফোর্সমেন্ট)	মার্চ, ২০২০ এর প্রথম সপ্তাহে ১০(দশ) জনের নামের তালিকা প্রস্তুত করতে হবে।
০৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের উপর আলোচনা সভা/সেমিনার আয়োজন।	বিআরটিএ কর্তৃক ১৭.০৮.২০২০খ্রি: তারিখে আলোচনা সভার আয়োজন।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বিআরটিএ'র জন্য নির্ধারিত তারিখ ১৭.০৮.২০২০খ্রি: তারিখে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভার আয়োজন করবে। আলোচনা সভার জন্য দাওয়াত কার্ড তৈরী করতে হবে। দাওয়াত কার্ডের মাধ্যমে আমন্ত্রণ জানাতে হবে।	পরিচালক(প্রশাসন), উপপরিচালক (প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট), সহকারী পরিচালক(প্রশাসন)। মনিটরিং কর্মকর্তা: উপপরিচালক (এনফোর্সমেন্ট)	বিআরটিএ, সদর কার্যালয়ে আলোচনা সভা/সেমিনার অনুষ্ঠিত হবে।
০৪.	কেন্দ্রীয় রক্তদান কর্মসূচী পালন।	১৮.০৪.২০২০খ্রি: তারিখে সড়ক ও জনপদ অধিদপ্তর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার উদ্যোগে কেন্দ্রীয় রক্তদান কর্মসূচীতে অংশগ্রহণের জন্য আগ্রহী বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে ২০.০১.২০২০খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	পরিচালক(ইঞ্জিনিয়ারিং), উপপরিচালক(ইঞ্জিনিয়ারিং) মনিটরিং কর্মকর্তা: পরিচালক (ইঞ্জি:-চ:দা:)	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ১৮.১২.২০১৯খ্রি: তারিখের সিদ্ধান্ত অনুযায়ী ৩১.০১.২০২০খ্রি: তারিখের মধ্যে রক্তদানে আগ্রহী কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা প্রণয়ন করবে। সেজন্যে বিআরটিএ'র ঢাকা মেট্রো-১,২,৩, ঢাকা জেলা সার্কেল, ঢাকা বিভাগীয় অফিস এবং সদর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে আগ্রহীদের নামের তালিকা ১০.০২.২০২০খ্রি: তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে।
০৫.	বিআরটিএ কর্তৃক দাপ্তরিক কাজে বঙ্গবন্ধুর স্মৃতি সংবলিত বিশেষ খাম ব্যবহার।	১৭.০৩.২০২০খ্রি: তারিখ হতে বছর ব্যাপী।	ক) সড়ক ও মহাসড়ক বিভাগ হতে প্রাপ্ত খাম ব্যবহার করা হবে। প্রয়োজনে বিআরটিএ নিজ উদ্যোগে অনুরূপ খাম তৈরী করবে। খ) ০১.০১.২০২০খ্রি: হতে বিআরটিএ ও এর আওতাধীন সকল কার্যালয় হতে ইস্যুকৃত সকল দাপ্তরিক পত্রের উপরে ডানপাশে মুজিববর্ষ(২০২০) উল্লেখ করতে হবে।	পরিচালক(প্রশাসন), পরিচালক (রোড সেফটি) মনিটরিং কর্মকর্তা: পরিচালক (ইঞ্জি:-চ:দা:) উপপরিচালক(প্রশাসন), সহকারী পরিচালক(প্রশাসন)। মনিটরিং কর্মকর্তা: পরিচালক (ইঞ্জি:-চ:দা:)	ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক নির্ধারিত খাম পাওয়ার পরে ব্যবস্থা গ্রহণ করা হবে। খ) দাপ্তরিক পত্রে মুজিব বর্ষ(২০২০) উল্লেখ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে।
০৬.	বিআরটিএ কর্তৃক বিআরটিএ কর্মকর্তা/কর্মচারীদের	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	রচনা প্রতিযোগীতায় বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের সন্তান/সন্ততি	পরিচালক(প্রশাসন), পরিচালক(ইঞ্জিনিয়ারিং), উপপরিচালক(প্রশাসন),	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম/কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম/সিদ্ধান্ত	বাস্তবায়ন/মনিটরিং কর্মকর্তা	কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটির মন্তব্য
	সন্তান/সন্ততিদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী ও কীর্তি বিষয়ক রচনা প্রতিযোগীতার আয়োজন।	কর্তৃক নির্ধারিত ৩০.০৯.২০২০খ্রিঃ বিআরটিএ সম্মেলন কক্ষ।	অংশগ্রহন করবে। আগ্রহীদের ০৩(তিন)টি ভিন্ন ক্যাটাগরির জন্য গ্রুপ ভিত্তিক বাছাই করে ০৫(পাঁচ) জন করে মোট ১৫(পনের) জনের নামের তালিকা ৩০.০৯.২০২০খ্রিঃ তারিখের পূর্বেই প্রেরণ করতে হবে।	উপপরিচালক(ইঞ্জিঃ), বিভাগীয় অফিস, ঢাকা, সহকারী পরিচালক(প্রশাসন) মনিটরিং কর্মকর্তা: পরিচালক (ইঞ্জিঃ-চঃদাঃ)	যোগাযোগ করে ০৩(তিন) ক্যাটাগরির গ্রুপ কিভাবে হবে তা নিশ্চিত হতে হবে। বিভাগের মনিটরিং কমিটি'র বিআরটিএ'র সদস্য এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবেন।
০৭.	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করণ।	১৭.০৩.২০২০খ্রিঃ হতে বছরব্যাপী সারাদেশে।	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ কর্তৃক ০৪(চার) লক্ষ লিফলেট বিতরণ এবং প্রতি জেলায় ০১(এক)টি করে প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজ পর্যায়ে বিআরটিএ কর্তৃক সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করণ কর্মসূচী পরিচালনা করবে। লিফলেটের খসড়া তৈরী করে আগামী ১০.০১.২০২০খ্রিঃ তারিখের মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে অনুমতি গ্রহণ করতে হবে।	পরিচালক(রোড সেফটি), পরিচালক(প্রশিক্ষণ) মনিটরিং কর্মকর্তা: পরিচালক (প্রশিক্ষণ) কন্টাক্ট পারসন: এক্সিডেন্ট ডাটা এনালিস্ট জনাব এবিএম আবু বকর সিদ্দিক	লিফলেটের খসড়া প্রস্তুত পূর্বক যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহন করতে হবে।
০৮.	বিআরটিএ কর্তৃক আগামী ১৭ই মার্চ,২০২০খ্রিঃ হতে পরবর্তী ০১(এক) বছর "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশ-কে জানো" শ্লোগানের বহুল প্রচার।	১৭.০৩.২০২০খ্রিঃ হতে পরবর্তী ০১(এক) বছর।	ক) বিআরটিএ কর্তৃক সদর কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশের সকল সার্কেল অফিসে যানবাহনের ফিটনেস দেয়ার সময় যানবাহনে "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশ-কে জানো" শ্লোগান সংবলিত স্টিকার লাগাতে হবে। স্টিকারের নমুনা তৈরী করে আগামী ১০.০১.২০২০খ্রিঃ তারিখের মধ্যে বা তার পূর্বে যৌক্তিক সময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে এবং ২০.০২.২০২০খ্রিঃ তারিখের মধ্যে স্টিকার তৈরী সম্পন্ন করতে হবে। এলক্ষ্যে ১০(দশ) লক্ষ স্টিকার তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) বিআরটিএ সদর কার্যালয়ে নির্ধারিত শ্লোগান সম্বলিত বড় বেলুন বছরব্যাপী উড়িয়ে রাখতে হবে। গ) বঙ্গবন্ধুর লোগো সম্বলিত পতাকা বছর ব্যাপী সদর কার্যালয়ে উড়িয়ে রাখতে হবে।	পরিচালক(ইঞ্জিনিয়ারিং), পরিচালক(রোড সেফটি)। মনিটরিং কর্মকর্তা: পরিচালক (রোড সেফটি)	স্টিকার তৈরীর প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত গ্রহণের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে পত্র দিতে হবে। পরিচালক(রোড সেফটি) জানান আগামী ০৪.০২.২০২০ এ মন্ত্রণালয় হতে স্টিকার এর ডিজাইন অনুমোদিত হবে।
০৯.	বছর ব্যাপি বিআরটিএ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ জনগনের দোরগোড়ায় পৌঁছানোর উদ্দেশ্য-কে সামনে রেখে বিভাগ ও জেলা পর্যায়ে বিশেষ সেবা সপ্তাহ কার্যক্রম পরিচালনা।	০১.০১.২০২০খ্রিঃ তারিখ হতে বছর ব্যাপি অর্থাৎ প্রতি ০৩(তিন) মাস অন্তর সেবা সপ্তাহ উদযাপন।	০১.০১.২০২০খ্রিঃ তারিখ হতে পরবর্তী ০১(এক) বছর পর্যায়ক্রমে দেশের প্রতিটি জেলা ও বিভাগীয় শহরে বিআরটিএ কর্তৃক প্রদত্ত সেবা প্রদানের উদ্দেশ্যে বিশেষ সেবা সপ্তাহ পরিচালনা করা হবে। বিআরটিএ কর্তৃক ২০২০সালের মার্চ, মে, আগস্ট ও ডিসেম্বর মাসে বিশেষ সেবা সপ্তাহ কার্যক্রম পরিচালনা করবে। এ বিষয়ে প্রত্যেক সার্কেলের সহকারী পরিচালক(ইঞ্জিঃ)-গণ সেবা সপ্তাহের কর্মসূচী প্রণয়ন করে বিআরটিএ, সদর কার্যালয়-কে অবহিত করতে হবে। প্রত্যেক বিভাগীয় অফিসের উপপরিচালক(ইঞ্জিঃ)-গণ তাঁর	পরিচালক(ইঞ্জিনিয়ারিং), পরিচালক(রোড সেফটি), উপপরিচালক(ইঞ্জিঃ), বিভাগীয় অফিস (সকল), সহকারী পরিচালক(ইঞ্জিঃ) সকল সার্কেল। মনিটরিং কর্মকর্তা: পরিচালক (রোড সেফটি)	সেবা সপ্তাহ নির্ধারণের জন্য বিআরটিএ'র প্রত্যেক সার্কেলে পত্র প্রেরণ করতে হবে। যে সকল সার্কেল এখনো বিশেষ সেবা সপ্তাহের কর্মসূচী প্রনয়ন করেনি যে সকল সার্কেলের সহকারী পরিচালক(ইঞ্জিঃ)-গণ আগামী ২৯.০২.২০২০খ্রিঃ তারিখের মধ্যে

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম/কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম/সিদ্ধান্ত	বাস্তবায়ন/মনিটরিং কর্মকর্তা	কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটির মন্তব্য
			আওতাধীন সকল সার্কেলের কর্মসূচীর সমন্বয় করবেন এবং সদর কার্যালয়কে অবহিত করবেন।		কর্মসূচী প্রনয়ণ পূর্বক সদর কার্যালয়-কে অবহিত করবে।
১০.	সড়ক নিরাপত্তা সচেতনতা সৃষ্টি ট্রাফিক আইন মেনে চলা ইত্যাদি বিষয়ে বিআরটিএ কর্তৃক বছর ব্যাপী বিশেষ প্রচারণা ও কর্মসূচী পালন।	১৭.০৩.২০২০খ্রিঃ হতে পরবর্তী ০১(এক) বছর।	ক) বিআরটিএ কর্তৃক ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে সড়ক নিরাপত্তা, জনসচেতনতা বৃদ্ধি, ট্রাফিক আইন মেনে চলা ইত্যাদি বিষয়ক প্রচারনামূলক ব্যানার ঝুলিয়ে রাখতে হবে। খ) প্রতি ০২(দুই) মাসে একটি করে রোড শো'র আয়োজন করতে হবে। গ) এ সংক্রান্ত পোস্টার/লিফলেট তৈরী করে জনগনের মাঝে বিতরণ করতে হবে। ঘ) এ লক্ষ্যে ০৫(পাঁচ) লক্ষ পোস্টার/লিফলেট যথাসময়ে তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক(রোড সেফটি)। মনিটরিং কর্মকর্তাঃ পরিচালক (রোড সেফটি)	ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দ্রুত পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে। খ) পোস্টার/লিফলেটের নমুনার অনুমোদন যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গ্রহন করতে হবে।

২। মুজিব বর্ষ(২০২০) কে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রম বাস্তবায়ন যথাযথভাবে হচ্ছে কিনা সে বিষয়ে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট জনাব শাহ্ আবদুল তারিক, উপপরিচালক(প্রশাসন) বলেন এ অথরিটি'র আওতাধীন প্রত্যেক বিভাগীয়/সার্কেল অফিসে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে এবং পরিচ্ছন্নতার প্রতিবেদন কোন কোন সার্কেল হতে পাওয়া যাচ্ছে। বিআরটিএ সদর কার্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা কাঙ্খিত পর্যায়ে পৌছানোর বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টা কামনা করা হয়।

৩। উপপরিচালক(অর্থ) এতদ:সংক্রান্ত বিষয়ে অবহিত করেন যে, মুজিব বর্ষ(২০২০) যথাযথভাবে উদ্‌যাপনের জন্য পর্যাপ্ত বাজেট রয়েছে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

৩০/১/২০২০

(মোঃ ইউছুব আলী মোল্লা)
পরিচালক(প্রশাসন)
ও
সভাপতি
মুজিব বর্ষ(২০২০) উদযাপনের নিমিত্তে কর্মপরিকল্পনা
বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটি
ফোন ঃ ৫৫০৪০৭১৩

নং-৩৫.০৩.০০০০.০০১.২৩.৩৪৪.১৯-৩৯৯ তারিখ ঃ ৩০.০১.২০২০খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। পরিচালক(প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি/প্রশিক্ষণ)/সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। উপপরিচালক..................(সকল), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
৪। উপপরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর বিভাগীয় অফিস।
৫। নির্বাহী ম্যাজিস্ট্রেট(সকল), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার/মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ এক্সিডেন্ট ডাটা এনালিস্ট, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
৭। সহকারী পরিচালক.................সকল, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
৮। সহকারী পরিচালক(ইঞ্জিঃ), ...সকল বিআরটিএ, সার্কেল অফিস।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
১০। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। মাষ্টার ফাইল।

৩০.০১.২০২০

শাহ্ আবদুল তারিক
(উপসচিব)
উপপরিচালক(প্রশাসন)
ফোন : ৫৫০৪০৭২০

E:\HA\Memorable Events\Mujib Year\2020\Implementation\Resulation 30.01.02020.docx